নয়া দিগন্ত



বেগম রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন স্মারক বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান অনুষ্ঠানে অতিথিদের সাথে বৃত্তিপ্রাপ্তরা ■ নয়া দিগন্ত

ঢাবিতে বেগম রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন স্বর্ণপদক ও বৃত্তি প্রদান

■ বাসস

রোকেয়া দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) রোকেয়া হলের উদ্যোগে গতকাল বৃহস্পতিবার দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করা হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল বর্ণাঢ্য র‍্যালি, ৩৭তম বেগম রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন স্মারক বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান অনুষ্ঠান। ঢাবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

গত বৃহস্পতিবার সন্ধ্যায় রোকেয়া হল মিলনায়তনে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক ও বৃত্তি তুলে দেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী।

অনুষ্ঠানে 'রোকেয়ার সমাজ' শীর্ষক স্মারক বক্তৃতা করেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির ভিসি ও টিআইবি চেয়ারপারসন অধ্যাপক ড. পারভীন হাসান।

আলোচনায় অংশ নেন রোকেয়া হলের সাবেক প্রাধ্যক্ষ অধ্যাপক ড. তাজমেরী এস এ ইসলাম এবং অধ্যাপক ড. লায়লা নূর ইসলাম। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের বর্তমান ও সাবেক প্রাধ্যক্ষ, অ্যালামনাই, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। ভিসি ■ ৪র্থ পৃঃ ৫-এর কলামে

ঢাবিতে বেগম রোকেয়া

এর পৃষ্ঠার পর

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বেগম রোকেয়ার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, নারী শিক্ষায় তার অবদান চিরস্মরণীয়। স্বর্ণপদক ও বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা বেগম রোকেয়ার উত্তরসূরি।

সময়ের আলো



রোকেয়া দিবসে স্বর্ণপদক ও বৃত্তি প্রদান

আলোকিত ডেস্ক : রোকেয়া দিবস উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল গত বৃহস্পতিবার দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করে। কর্মসূচির মধ্যে ছিল র‍্যালি, বেগম রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন স্মারক বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান প্রভৃতি। এ উপলক্ষ্যে গত বৃহস্পতিবার সন্ধ্যায় রোকেয়া হল মিলনায়তনে ৩৭তম বেগম রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন স্মারক বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের স্বর্ণপদক ও বৃত্তি প্রদান করেন। রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। 'রোকেয়ার সমাজ' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের চেয়ারপার্সন অধ্যাপক ড. পারভীন হাসান। আলোচনায় অংশ নেন রোকেয়া হলের সাবেক প্রাধ্যক্ষ অধ্যাপক ড. তাজমেরী এসএ ইসলাম এবং অধ্যাপক ড. লায়লা নূর ইসলাম। এ সময় প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, রোকেয়া হলের সাবেক প্রাধ্যক্ষরা, অ্যালামনাই, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৩ মাঘ ১৪৩২

DU in Media

17 January 2026

The New Nation

Rokeya Award distribution held at DU

City Desk

The Dhaka University (DU) Rokeya Hall organised a series of day-long programmes on Friday to observe Rokeya Day, culminating in the distribution of the prestigious Begum Rokeya Memorial Foundation Gold Medal and Scholarships.

The day's festivities included a colorful rally, the 37th Begum Rokeya Memorial Foundation commemorative lecture, and an award ceremony held at the Rokeya Hall auditorium in the evening, said a



press release.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan graced the occasion as the chief guest and handed over the awards to the deserving students.

During his address, Dr. Niaz Ahmed Khan paid profound tribute to Begum Rokeya, stating that her contributions to women's education remain eternal.

Congratulating the awardees, he described them as the "successors of Begum Rokeya" and urged them to spread the light of knowledge throughout society, reports BSS.

The commemorative lecture, titled "Rokeyar Shomoy" (Rokeya's Time), was delivered by Professor Dr. Perween Hasan, Vice-Chancellor of Central Women's University and Chairperson of TIB.

The event was presided over by the Provost of Rokeya Hall, Professor Dr. Hosne Ara Begum, while the University Treasurer, Professor Dr. M. Jahangir Alam Chowdhury, attended as a special guest.

This year, Jayanti Ghosh, a student from the Department of Mathematics, was honored with the 'Begum Rokeya Memorial Foundation Gold Medal'.

The Daily Observer



Dhaka University Rokeya Hall holds a series of day-long programmes on Thursday to observe Rokeya Day. PHOTO: OBSERVER

Rokeya Award distribution held at DU

The Dhaka University (DU) Rokeya Hall organized a series of day-long programmes on Thursday to observe Rokeya Day, culminating in the distribution of the prestigious Begum Rokeya Memorial Foundation Gold Medal and Scholarships.

The day's festivities included a colorful rally, the 37th Begum Rokeya Memorial Foundation commemorative lecture, and an award ceremony held at the Rokeya Hall auditorium in the evening, said a press release.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan graced the occasion as the chief guest and handed over the awards to the deserving students.

During his address, Dr. Niaz Ahmed Khan paid profound tribute to Begum Rokeya, stating that her contributions to women's education remain eternal.

Congratulating the awardees, he described them as the "successors of Begum Rokeya" and urged them to spread the light of knowledge throughout society.

The commemorative lecture, titled 'Rokeyar Shomoy' (Rokeya's Time), was delivered by Professor Dr. Perween Hasan, Vice-Chancellor of Central Women's University and Chairperson of TIB.

The event was presided over by the Provost of Rokeya Hall, Professor Dr. Hosne Ara Begum, while the University Treasurer, Professor Dr. M. Jahangir Alam Chowdhury, attended as a special guest.

This year, Jayanti Ghosh, a student from the Department of Mathematics, was honored with the 'Begum Rokeya Memorial Foundation Gold Medal'.

Additionally, several students received merit scholarships, including Riya Saha (Biochemistry and Molecular Biology), Faria Sharmin (Institute of Statistical Research and Training), Rifa Sanjidah (Zoology), Arpita Saha (Applied Chemistry and Chemical Engineering), Tanzima Bushra Rayan (Institute of Education and Research) and Nadia Farzana Sumaiya and Sadia Akter Suraiya (International Business).

The general scholarship recipients were Mithila Farzana (IER), Rukaiya Parveen Laboni (Microbiology), Mariam Maliha (Graphic Design), Munshi Mustarin Jamal Proma (Economics), and Mst. Sara Moni (Geography and Environment).

Furthermore, Mst. Mousumi Akter from the Department of Population Sciences received a welfare scholarship.

The ceremony was attended by various dignitaries, including DU Proctor Professor Saifuddin Ahmed, former Provosts Professor Dr. Tajmeri S.A. Islam and Professor Dr. Laila Nur Islam, as well as deans of various faculties, alumni, and parents.

—BSS

আলোকিত বাংলাদেশ



অধ্যাপক মো. আতাউর রহমান বিশ্বাসের স্মরণসভা

আলোকিত ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সাবেক চেয়ারম্যান প্রয়াত অধ্যাপক মো. আতাউর রহমান বিশ্বাস-এর স্মরণে এক শোকসভা ও দোয়া মাহফিল গত বৃহস্পতিবার আরসি মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক, ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আশফাক হোসেন, আরবী বিভাগের অধ্যাপক ড. এবিএম ছিদ্দিকুর রহমান নিজামী, ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহিম, অধ্যাপক ড. আবদুল বাছির, অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, সংগীত বিভাগের চেয়ারম্যান ড. প্রিয়াংকা গোপ, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার নড়য়া, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, এশিয়ান ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মো. মোশাররফ হোসাইন ভূঁইয়া প্রমুখ আলোচনায় অংশ নেন। শোকসভায় কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যানসহ মরহুমের সহকর্মীরা উপস্থিত ছিলেন। পরিবারের সদস্যদের পক্ষে তার পুত্র প্রকৌশলী ওয়াসিফ রহমান রাফি আলোচনা করেন। সঞ্চালনা করেন ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার। শোকসভা ও দোয়া মাহফিলের সভাপতিত্ব করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

বক্তারা প্রয়াত অধ্যাপক মো. আতাউর রহমান বিশ্বাস-এর জীবন ও কর্মের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং তাঁর রুহের মাগফেরাত কামনা করেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

দিনকাল



শহীদ ওসমান হাদির হত্যার বিচার দাবিতে গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইনকিলাব মঞ্চের বিক্ষোভ মিছিল ও সমাবেশ –দিনকাল

ওসমান হাদি হত্যার বিচার দাবিতে ঢাবিতে বিক্ষোভ

দিনকাল রিপোর্ট: পূর্ব ঘোষিত কর্মসূচি হিসেবে শহীদ ওসমান হাদির হত্যার বিচার দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও সংক্ষিপ্ত সমাবেশ করেছে ইনকিলাব মঞ্চ। গতকাল শুক্রবার বাদজুমা এ কর্মসূচি হয়। পূর্ব ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে জুমার নামাজ শেষে সাধারণ শিক্ষার্থীসহ বিভিন্ন সামাজিক ও ছাত্র সংগঠনের নেতাকর্মীরা মসজিদের সামনে জড়ো হন।

সমাবেশে বক্তারা বলেন, ওসমান হাদি হত্যাকাণ্ডের পর দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও বিচার প্রক্রিয়ায় কাঙ্ক্ষিত অগ্রগতি নেই। এতে নিহতের পরিবার যেমন ন্যায়বিচার থেকে বঞ্চিত হচ্ছে, তেমনি সমাজে বিচারহীনতার সংস্কৃতি আরও শক্তিশালী হচ্ছে। অবিলম্বে তদন্ত শেষ করে প্রকৃত দোষীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি জানান তারা। বক্তারা বলেন, নৃশংস হত্যাকাণ্ডের বিচার বিলম্বিত হলে অপরাধীরা উৎসাহিত হয় এবং সাধারণ মানুষের নিরাপত্তা হুমকির মুখে পড়ে। শহীদ ওসমান হাদির হত্যার বিচার নিশ্চিত না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে বলেও তারা ঘোষণা দেন।

মসজিদের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয়ে ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। মিছিলে অংশগ্রহণকারীরা হত্যার বিচার চেয়ে বিভিন্ন স্লোগান দেন। সমাবেশ শেষে শহীদ ওসমান হাদির আত্মার মাগফিরাত কামনা করা হয় এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানানো হয়।

ইবি: ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী শরিফ ওসমান হাদি হত্যার বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থীরা। গতকাল শুক্রবার বাদ জুমা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ থেকে মিছিলটি শুরু হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে ক্যাম্পাস সংলগ্ন শেখপাড়া বাজার ঘুরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে গিয়ে সমাবেশে মিলিত হয়।